


চিকুনগুনিয়া বুলেটিন

সংখ্যা ৩৫ তারিখঃ ৬ আগস্ট ২০১৭ রোববার

সর্বশেষ পরিস্থিতি

ল্যাবরেটরী পরীক্ষায় নিশ্চিত করা চিকুনগুনিয়া রোগীর সংখ্যা (সপ্তাহ অনুযায়ী)



- চিকুনগুনিয়া নজরদারি (surveillance) কার্যক্রমের অংশ হিসেবে সম্ভাব্য রোগীদের আইইডিসিআর-এ আর-টি পিসিআর করা হচ্ছে। গত ৯ এপ্রিল হতে ৫ আগস্ট ২০১৭ পর্যন্ত আইইডিসিআর-এ প্রাপ্ত রক্তের নমুনা পরীক্ষায় নিশ্চিত চিকুনগুনিয়ায় আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ৯১৭ জনে।
- গত ১২ মে হতে অদ্যাবধি ঢাকা মহানগরের বিভিন্ন সরকারী ও বেসরকারী হাসপাতালে চিকিৎসা নেয়া সম্ভাব্য চিকুনগুনিয়া ও চিকুনগুনিয়া পরবর্তী আর্থ্রালজিয়া রোগীর সংখ্যা ৯,৪৭১ জন। যারা তথ্য দিচ্ছেঃ আইইডিসিআর, সরকারী মেডিক্যাল কলেজ হাসপাতাল সমূহ (ঢাকা, মিটফোর্ড, সোহরাওয়ার্দী, মুগদা), বেসরকারী হাসপাতালসমূহ (ঢাকা শিশু, ইউনাইটেড, এপোলো, ডেল্টা, শহীদ মনসুর আলী ও অন্যান্য) এবং চিকিৎসকের চেম্বার।
- আইইডিসিআর হটলাইনে ঢাকা সহ সারা দেশ থেকে গত ৬ জুলাই থেকে ৬ আগস্ট বিকেল ৫টা পর্যন্ত সর্বমোট ফোনকল এসেছে ৩২৪০ টি। এর মধ্যে সম্ভাব্য নতুন রোগী ১১২০ জন ও পুরোনো রোগী ১৪৫৮ জন। অবশিষ্ট ৬৬২ জন ফোনকলকারীগণ চিকুনগুনিয়া সম্পর্কিত বিভিন্ন তথ্য জানতে চেয়েছেন।
- দেশের বিভিন্ন জেলার সিভিল সার্জন ও মেডিকেল কলেজ হাসপাতাল হতে প্রাপ্ত সম্ভাব্য রোগীর তথ্য নিম্নরূপ। আইইডিসিআর যাচাই-বাছাই করে তা চূড়ান্ত করেছে।

জেলার নাম	সম্ভাব্য রোগীর সংখ্যা (০৬/০৮/১৭ বিকেল ৩টা পর্যন্ত)	যাচাই শেষে রোগীর সংখ্যা (০৬/০৮/১৭ বিকেল ৩টা পর্যন্ত)
দিনাজপুর	১	০
বগুড়া	৯	৫
জয়পুরহাট	১	০
বরিশাল	৪	০
গোপালগঞ্জ	১১	১
ঢাকা জেলা*	৫৩	৭
নরসিংদী	১৮	১৩
মুন্সীগঞ্জ	২৮	১১
নারায়নগঞ্জ	৯	০
গাজীপুর	৮	৩
নেত্রকোনা	৩	১
হবিগঞ্জ	৩	০
লক্ষ্মীপুর	৩	০
চট্টগ্রাম	২৫	৬
রাজশাহী	১	১
নওগাঁ	৩	০
কিশোরগঞ্জ	১	০
সর্বমোট	১৮১	৪৮**

*ঢাকা সিটি কর্পোরেশন ব্যতীত।

**এদের কারো কারো ঢাকা মহানগর ভ্রমণের ইতিহাস আছে ও এদের অধিকাংশ পোস্টচিকুনগুনিয়া আর্থ্রাইটিস এ আক্রান্ত।

বিশ্ব স্বাস্থ্য সংস্থা'র কীটতত্ত্ব পরামর্শক আইইডিসিআর-এ



বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডাব্লুএইচও)-এর কীটতত্ত্ব পরামর্শক মি. কে. কৃষ্ণমূর্তি আজ আইইডিসিআর-এ তার ঢাকা সফরে প্রাপ্ত তথ্য ও তাঁর প্রাথমিক পরিকল্পনা তুলে করেন। উপস্থিত ছিলেন স্বাস্থ্য অধিদপ্তরের রোগ নিয়ন্ত্রণ পরিচালক অধ্যাপক সানিয়া তহমিনা, আইইডিসিআর-এর পরিচালক অধ্যাপক মীরজাদী সেব্রিনা ফ্লোরা, কীটতত্ত্ববিদ নুজহাত নাসরিন বানু ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ, ডাব্লুএইচও বাংলাদেশের উপ প্রতিনিধি ডা. এডইউন সালবাদের ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ। একটি সমন্বিত ভেক্টর ব্যবস্থাপনা প্রণয়নের উদ্দেশ্যে মি. কৃষ্ণমূর্তি'র এ সফর।

স্বাস্থ্য অধিদপ্তরের হটলাইন ১৬২৬৩ নম্বরে স্বাস্থ্য বাতায়নে চিকুনগুনিয়া বিষয়ে ২৪ ঘন্টা তথ্য পাবেন।

চিকুনগুনিয়া সম্বন্ধে বিস্তারিত জানতে এই ওয়েবসাইট ভিজিট করুন- www.iedcr.gov.bd অথবা হটলাইনঃ ০১৯৩৭১১০০১১, ০১৯৩৭০০০০১১ ফোন করুন